

শিক্ষানে সন্ত্রাসের জন্য রাজনীতিকেই দায়ী করলেন শিক্ষা সচিব

বতুড়া প্রতিনিধি : এয়ার শিক্ষা সচিব শহীদুল আলম বললেন, শিক্ষানে সন্ত্রাসের জন্য দায়ী হচ্ছে রাজনীতি। তাই শিক্ষানে সন্ত্রাসমুক্ত করতে হলে শিক্ষকদের রাজনীতি নিষিদ্ধ করতে হবে। একই সঙ্গে তিনি বলেন, আগামী ডিসেম্বরের মধ্যে সকল কোচিং সেন্টার বন্ধ করে দেওয়া হবে। তাছাড়া ব্যাঙ্কের ছাড়ার মতো যেসব বিএড কলেজ গড়ে উঠেছে সেগুলো বন্ধ করারও পদক্ষেপ ইতিমধ্যে নেওয়া হয়েছে।

বতুড়া সরকারি আয়িফুল হক কলেজ মিলনায়তনে গত রোববার দিনব্যাপী অনুষ্ঠিত 'শিক্ষানে সন্ত্রাস নির্মূল ও শিক্ষার মানোন্নয়ন' শীর্ষক আঞ্চলিক সম্মেলনে প্রধান অতিথির বক্তৃতাকালে তিনি এ কথা বলেন। সরকারি আয়িফুল হক কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. আশরাফুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত সম্মেলনে বিশেষ অতিথির বক্তব্য রাখেন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক প্রফেসর আব্দুর রশিদ, পরিচালক (কলেজ ও প্রশাসন) প্রফেসর এম মোজাফফর হোসেন এবং প্রকৌশলী জাহিদুর রহমান। এছাড়াও সমাবেশে বতুড়ার জেলা প্রশাসক সাহিদ উদ্দিন আহমেদ, পুলিশ সুপার খান সাহিদ হাসানসহ অংশগ্রহণকারী কলেজসমূহের অধ্যক্ষ ও তাদের প্রতিনিধিগণ বক্তব্য রাখেন। সম্মেলনে উত্তরাঞ্চলের ৫টি জেলার ২০টি সরকারি কলেজের অধ্যক্ষসহ দেড়শজন শিক্ষক ও আর হুঃ কলেজের শিক্ষকগণ অংশ নেন।

শিক্ষা সচিব বলেন, বিগত সরকারের আমলে দেশের শিক্ষানেগুলোকে বোমা তৈরির কারখানা ও অস্ত্রাগারে পরিণত করা হয়েছিল। বর্তমান সরকার শিক্ষানে সন্ত্রাস বন্ধে বন্ধপরিকর। তিনি বলেন, শিক্ষকরা সরাসরি রাজনীতি করলে সন্ত্রাসী বন্ধ করা সম্ভব নয়। শিক্ষকরা রাজনীতি করতে চাইলে তাকে চাকরি ছেড়ে দিয়ে রাজনীতি করতে হবে।

তিনি বলেন, আগামী ডিসেম্বরের মধ্যে সকল কোচিং সেন্টার বন্ধ করে দিয়ে কলেজের উদ্ভাবধানে সরকারি কলেজসমূহে কোচিং সেন্টার খোলা হবে। তিনি বলেন, ব্যাঙ্কের ছাড়ার মতো গজিয়ে ওঠা বিএড কলেজসমূহ বন্ধ করার প্রক্রিয়া ইতিমধ্যেই শুরু হয়েছে। এসব কলেজ থাকায় এখন টাকা হলেই সার্টিফিকেট কিনতে পাওয়া যায়। এগুলো বন্ধ না করলে শিক্ষার মান কমে যাবে। তিনি বলেন, ছাত্র ও শিক্ষকদের জন্য আচরণবিধি প্রণয়ন ছাড়াও ৪০০ টাকা ব্যয়ে শিক্ষকদের প্রশিক্ষণ প্রকল্প চালু ও জেলা সদরে ৫ তলাবিশিষ্ট পরীক্ষা কেন্দ্র নির্মাণ করা হবে।

তিনি তার বক্তব্যের এক পর্যায়ে বলেন, ১৯৯৬ সালে কিছু ক্ষমতাসোভী কর্মকর্তা জনতার মধ্যে গিঢ়েছিল। কাজটা ভালো না মন্দ হয়েছে ইতিহাস তার বিচার করবে।